

**ফরম পূরণে অতিরিক্ত
ফি আদায় ॥ প্রধান
শিক্ষক বরখাস্ত**

দিনাজপুর সংবাদদাতা ॥ চিরির
বন্দর উপজেলার ইছামতি উচ্চ
বিদ্যালয়ের প্রধান শিক্ষককে ২০০৩
সালে অনুষ্ঠিতব্য এস এস সি পরী-
ক্ষার ফরম পূরণে অতিরিক্ত টাকা
আদায়ের অভিযোগে কমিটি বরখাস্ত
করেছে। উক্ত বিদ্যালয়ের প্রধান

শিক্ষক মোঃ কামরুজ্জামান ২০০৩
সালে অনুষ্ঠিতব্য এস এস সি
পরক্ষীয় অংশগ্রহণকারী পরী-
ক্ষার্থীদের নিকট হতে ফরম পূর-
ণের জন্য ২-৩ হাজার করে টাকা
গ্রহণ করেন।

এ ব্যাপারে ম্যানেজিং কমিটির
নিকট লিখিতভাবে অভিযোগ করা
হলে কমিটি অভিযোগের সত্যতা
পেয়ে গত ২৩শে নভেম্বর হতে
প্রধান শিক্ষক কামরুজ্জামানকে বর-
খাস্ত করে।